

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]  
প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং-১৫৩-আইন/২০২০/১১৪-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৮১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৩-আইন/২০১৯/৪০-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল এর কলাম (১) এ উল্লিখিত “নিবন্ধন/তালিকাভুক্তি” শীর্ষক মডিউল এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪), (৫) ও (৬) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত মডিউল এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

মডিউল	ক্রমিক নং	কার্যাবলী	দায়িত্ব পালনকারী কর্মকর্তা		
			অনুমোদনের ক্ষমতা	যাচাই-বাছাই পর্যায়	উত্থাপনকারী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
নিবন্ধন/তালিকাভুক্তি	১	মুসক নিবন্ধন - প্রাপ্ত তথ্যাদি যথাযথ রহিয়াছে এইরূপ ক্ষেত্রে	ভ্যাট অনলাইন সিস্টেম যাচাই ও বিভাগীয় অনুমোদনের পর স্বয়ংক্রিয়ভাবে সনদপত্র জারি করিবে।	রিভিউয়ার কর্তৃক	কর্তৃক
	২	মুসক নিবন্ধন - প্রাপ্ত তথ্যাদি যাচাই প্রয়োজন এইরূপ ক্ষেত্রে	সহকারী/উপ কমিশনার	রাজস্ব কর্মকর্তা	সহকারী রাজস্ব কর্মকর্তা
	৩	টার্নওভার নিবন্ধন - প্রাপ্ত তথ্যাদি যথাযথ রহিয়াছে এইরূপ ক্ষেত্রে	ভ্যাট অনলাইন সিস্টেম যাচাই ও বিভাগীয় অনুমোদনের পর স্বয়ংক্রিয়ভাবে টার্নওভার কর সনদপত্র জারি করিবে।	রিভিউয়ার কর্তৃক	কর্তৃক
	৪	টার্নওভার নিবন্ধন - প্রাপ্ত দলিলাদি যাচাই প্রয়োজন এইরূপ ক্ষেত্রে	সহকারী/উপ কমিশনার	রাজস্ব কর্মকর্তা	সহকারী রাজস্ব কর্মকর্তা

মডিউল	ক্রমিক নং	কার্যাবলী	দায়িত্ব পালনকারী কর্মকর্তা		
			অনুমোদনের ক্ষমতা	যাচাই-বাছাই পর্যায়	উত্থাপনকারী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
	৫	নিবন্ধন/তালিকাভুক্তি পরিবর্তন সংক্রান্ত - কার্যকাল, কমিশনারেট হইতে স্থানান্তর, বিভাগ ও সার্কেল অফিসে বিআইএন বণ্টন , ব্যাংক হিসাব যাচাই	সহকারী/উপ কমিশনার	রাজস্ব কর্মকর্তা	সহকারী রাজস্ব কর্মকর্তা
	৬	এলটিইউ-মুসক কমিশনারেটে বিআইএন সংযুক্তি বা বিযুক্তি	সদস্য (মুসক নীতি)	প্রথম সচিব (মুসক নীতি)	দ্বিতীয় সচিব (মুসক নীতি)
	৭	নিবন্ধন/তালিকাভুক্তি বাতিল	ভ্যাট অনলাইন সিস্টেম রিভিউয়ার কর্তৃক যাচাই ও বিভাগীয় কর্মকর্তার সিদ্ধান্ত প্রদানের পর স্বয়ংক্রিয়ভাবে ব্যবস্থা গ্রহণ করিবে।		
	৮	নিবন্ধন বাতিল - প্রাপ্ত দলিলাদি যাচাই প্রয়োজন এইরূপ ক্ষেত্রে	সহকারী/উপ কমিশনার	রাজস্ব কর্মকর্তা	সহকারী রাজস্ব কর্মকর্তা
	৯	শ্বেচ্ছায় নিবন্ধন - প্রাপ্ত দলিলাদি যথাযথ রহিয়াছে এইরূপ ক্ষেত্রে	ভ্যাট অনলাইন সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন সনদপত্র জারি করিবে।		
	১০	শ্বেচ্ছায় নিবন্ধন - প্রাপ্ত দলিলাদি যাচাই প্রয়োজন এইরূপ ক্ষেত্রে	সহকারী/উপ কমিশনার	রাজস্ব কর্মকর্তা	সহকারী রাজস্ব কর্মকর্তা
	১১	হালনাগাদকৃত তথ্য উপস্থাপন	সহকারী/উপ কমিশনার	রাজস্ব কর্মকর্তা	সহকারী রাজস্ব কর্মকর্তা
	১২	স্ব-উদ্যোগে মুসক নিবন্ধনযোগ্য ও তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে নিবন্ধন বা তালিকাভুক্তিকরণ	ভ্যাট অনলাইন সিস্টেম রিভিউয়ার কর্তৃক যাচাই ও বিভাগীয় কর্মকর্তার অনুমোদনের পর স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন / তালিকাভুক্তি সনদপত্র জারি করিবে।		
	১৩	টার্নওভার বাতিলকরণপূর্বক মুসক নিবন্ধন	সহকারী/উপ কমিশনার		রাজস্ব কর্মকর্তা

মডিউল	ক্রমিক নং	কার্যাবলী	দায়িত্ব পালনকারী কর্মকর্তা		
			অনুমোদনের ক্ষমতা	যাচাই-বাছাই পর্যায়	উত্থাপনকারী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
	১৪	মুসক নিবন্ধন বাতিলকরণপূর্বক টার্নওভার নিবন্ধন	সহকারী/উপ কমিশনার		রাজস্ব কর্মকর্তা
	১৫	নিবন্ধন/তালিকাভুক্তি সংক্রান্ত অন্য কোন কার্যক্রম-(তথ্যাদি যথাযথ নেই এইরূপ ক্ষেত্রে)	ভাট অনলাইন সিস্টেম রিভিউয়ার কর্তৃক যাচাই ও বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সিদ্ধান্ত প্রদানের পর স্বয়ংক্রিয়ভাবে ব্যবস্থা গ্রহণ করিবে।		

”;

(খ) অনুচ্ছেদ ২ এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ৩ সংযোজিত হইবে, যথা:-

“৩। যে সকল ক্ষেত্রে অনলাইন ব্যবস্থা এখনো চালু হয়নি , সে  
সকল ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক  
আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা ,  
২০১৬ অনুসরণপূর্বক কাগুজে প্রক্রিয়ায় সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন  
করিবেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)  
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)